

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার কার্যবিবরণী :-

সভার তারিখ :- ০৩/০৮/২০২১ ইং

সময় :- সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি :- জনাব মোছা: মেরিনা আক্তার মিনা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।  
সভার স্থান :- উপজেলা প্রাণিসম্পদ অফিসারের অফিস কক্ষ, কুমারখালী, কুষ্টিয়া।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

উপস্থিতি :- সম্মানিত সদস্যদের উপস্থিতি পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১।	<p>ক) ইউজিডিপি'র অর্থায়নে প্রশিক্ষণ সংক্রান্ত :- উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভাকে জানান যে, উপজেলা পরিষদ থেকে ইউজিডিপি'র অর্থায়নে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে প্রকল্প প্রস্তাব আহবান করা হয়। এই প্রেক্ষিতে “আধুনিক পদ্ধতিতে নারী খামারিদের দেশীয় হাস-মুরগি পালন বিষয়ক দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ” পাঠানো যেতে পারে।</p> <p>খ) উপজেলা প্রাণিসম্পদ অফিসের কার্যক্রম সংক্রান্ত:- উপজেলা প্রাণিসম্পদ অফিস কুমারখালী কুষ্টিয়ার সম্প্রসারণ কার্যক্রম (টিকা, চিকিৎসা, পরামর্শ ইত্যাদি) স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। নিয়মিতভাবে আবাসন প্রকল্পে ফ্রি ভেটেরিনারি মেডিকলে ক্যাম্প করা হয়েছে। LDDP প্রকল্পের আওতায় ২৭ টি প্রডিউসার গ্রুপ গঠন করা হয়েছে। এছারা অত্র দপ্তরের অন্যান্য প্রকল্প সমূহের কার্যক্রমও স্বাভাবিক নিয়মেই চলমান আছে।</p>	<p>বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে, “আধুনিক পদ্ধতিতে নারী খামারিদের দেশীয় হাস-মুরগি পালন বিষয়ক দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ” প্রস্তাব উপজেলা পরিষদে অনুমোদনের জন্য পাঠানো হবে।</p>	<p>সভাপতি মহোদয়ের তত্ত্বাবধানে উপজেলা প্রাণিসম্পদ অফিসার PSC মিটিং এ উপস্থাপন করবেন।</p>

পরিশেষে সভাপতি মহোদয় সম্মানিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণদের আন্তরিক শুভেচ্ছা জানিয়ে ও সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মেরিনা আক্তার মিনা)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া  
ও সভাপতি

উপজেলা পরিষদ মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি কুমারখালী, কুষ্টিয়া।